গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরঞ্জাম নিয়ন্ত্রক (পশ্চিম) এর কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে,রাজশাহী।

**প্রজ্ঞাপণ**

নং ৫৪.০১.৮১০০০.১৬৩.০৭.০০১.২৩ তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১ / ৩০ এপ্রিল ২০২৪

**বিষয়: সরঞ্জাম বিভাগের ক্রয় কার্যক্রম তথা সরঞ্জাম ব্যবস্থাপনায় গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। মহাপরিচালকের কার্যালয়ের (যন্ত্রকৌশল শাখা) পত্র নং মেক:/০৪-২০১৫/ই-টেন্ডারিং পদ্ধতি-১০৮ তারিখঃ ০৬ মার্চ ২০১৯।
২। মহাপরিচালকের কার্যালয়ের (যন্ত্রকৌশল শাখা) পত্র নং মেক:/১০-২০০৭/সিসিএস (অংশ-২)-৭৪২ তারিখঃ ১০অক্টোবর ২০১৮।
৩। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রকের আরপিও নং ২৪৭-সি (তারিখঃ ১৮ ডিসেম্বর ২০২৩ ), এবং ২৪৯ (তারিখঃ ০১ মার্চ ২০২২ ) ।
৪। BRASS-II বাস্তবায়ন সংক্রান্ত স্মারক নং ৫৪.০১.১৫৪৩.৪৫২.০৭.০০১.২১-০১ তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২১।
৫। ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) এর স্মারক নং ৫৪.০১.১৫০০.৪৬৭.৪১.০০১.২১-০৫ তারিখ: ১১ জানুয়ারি ২০২২ ।

বাংলাদেশ রেলওয়ের সরঞ্জাম বিভাগের ক্রয়/সংগ্রহ কার্যক্রম তথা সরঞ্জাম ব্যবস্থাপনায় গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত সুত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে সময়ে সময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বাংলাদেশ রেলওয়েতে একটি স্মার্ট অত্যাধুনিক (state-of-the-art) ইনভেন্টরি এবং প্রকিউরমেন্ট সিস্টেম গড়ে তোলার লক্ষ্যে সম্প্রতি মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের সদয় অনুমোদনক্রমে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক (সিসিএস), বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী কর্তৃক এ সংক্রান্ত কতিপয় রিভাইজড প্রসিডিউর অর্ডার (আরপিও) জারী করা হয়েছে এবং এ সকল আদেশ রেলওয়ের অফিসিয়াল ওয়েবসাইটের ইনভেন্টরি ও প্রকিউরমেন্ট পলিসি ট্যাবে আপলোডকৃত রয়েছে। উক্ত আরপিওসমূহের নির্দেশনার আলোকে ডিজেল/নন-ডিজেল ও মঞ্জুরী/অমঞ্জুরী সকল আইটেমের ইনভেন্টরি ব্যবস্থাপনা ওয়েববেইজড অনলাইন সফটওয়্যার BRASS++ এর মাধ্যমে রিয়্যালটাইমে সম্পাদনের উপোযোগী করে Bangladesh Railway Automated Support System (BRASS-I ও BRASS-II) সিস্টেম চালু/আপগ্রেড করা হয়েছে। পরিলক্ষিত হচ্ছে যে, মহাপরিচালক দপ্তরের সূত্রোক্ত পত্রের প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসৃত হচ্ছে না। এতে মাঠ পর্যায়ে সরঞ্জাম ব্যবস্থাপনায় নেতিবাচক প্রভাব পড়ছে এবং বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে।

৪। বর্ণিতাবস্থায়, সূত্রোক্ত পত্রসমূহের আলোকে বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের সকল দপ্তর/কারখানা/বিভাগ ও অধীন দপ্তরসমূহের প্রতি নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

**(ক) মঞ্জুরী আইটেমের ক্ষেত্রে,**

(১) অবিলম্বে, প্রত্যেক ডিডিওকে তার অধীন সকল চূড়ান্ত ভোক্তার (End User) জন্য বর্তমান এবং নিকট ভবিষ্যতের নিয়মিত প্রয়োজনীয়তা বিবেচনায় সকল মঞ্জুরী আইটেমের বার্ষিক / দ্বি-মাসিক ইম্প্রেস্ট/ ইমারজেন্ট পরিমাণ BRASS-I/ BRASS-II সিস্টেমের Stocking Management মডিউলের মাধ্যমে অনলাইনে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের মঞ্জুরী গ্রহণ/ হালনাগাদ করতে হবে;

(২) ডিপো হতে মালামাল উত্তোলনের জন্য সাধারণ চাহিদাপত্র (Ordinary Requisition)/ ইম্প্রেস্ট চাহিদাপত্র (Imprest Requisition) অনলাইনে BRASS-I/ BRASS-II সিস্টেমের Requisition and Issue Management মডিউলের মাধ্যমে চাহিদাপত্র প্রস্তুতকরে তার প্রিন্টেড হার্ডকপি স্বাক্ষর করে সংশ্লিষ্ট স্টকিং ডিপোতে প্রেরণ করতে হবে;

(৩) বিভাগীয় প্রধানের মঞ্জুরীর অতিরিক্ত মালামাল ডিপো হতে উত্তোলনের জন্য বিশেষ চাহিদাপত্র (Special Requisition) আরপিও ২৪৯ অনুযায়ী Requisition and Issue Management মডিউলের মাধ্যমে অনলাইনে বিভাগীয় প্রধানের অনুমোদনান্তে তার প্রিন্টেড হার্ডকপি স্বাক্ষর করে সংশ্লিষ্ট স্টকিং ডিপোতে দাখিল করতে হবে;

(৪) মঞ্জুরী আইটেমের ক্ষেত্রে কোনক্রমেই অফলাইন চাহিদাপত্র (Offline Requisition) ক্রয়কারীর দপ্তর কর্তৃক গ্রহণযোগ্য বিবেচিত হবে না; এবং

(৫) ৩০ মে ২০২৪ তারিখের মধ্যে প্রত্যেক ডিডিওকে তার মঞ্জুরীকরণ মঞ্জুরী অনলাইনে হালনাগাদকরণের কার্যক্রম সম্পন্ন করতে হবে। এরপর হালনাগাদকরণ করা হয়নি এমন বর্তমান মঞ্জুরী আইটেম অমঞ্জুরী আইটেম হিসেবে গণ্য করা হবে। এই আইটেমের মজুদস্থিতি নিঃশেষ হয়ে গেলেও সরঞ্জাম বিভাগ তার জন্য কোন মজুদ পুনর্ভরণ (Stock Replenishment) করবে না।

**(খ) অমজুদী আইটেমের ক্ষেত্রে,**

(১) ভোক্তা সংশ্লিষ্ট ডিডিও এর স্বাক্ষর ও বিভাগীয় প্রধান বা যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষর ব্যতীত কোন চাহিদাপত্র ক্রয় দপ্তরে বৈধ (Valid) বলে বিবেচিত হবে না;

(২) চাহিদাপত্র প্রতিস্বাক্ষরের পর তা শুধুমাত্র দাপ্তরিক চ্যানেলে সীলগালাযুক্ত অবস্থায় যথাসময়ে অর্থাৎ অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে) ক্রয়কারীর দপ্তরে না পৌছালে তার বিপরীতে ক্রয় প্রক্রিয়া গ্রহণ না করে সংশ্লিষ্ট ডিডিও বরাবরে ফেরত প্রদান করতে হবে;

(৩) বিশেষ চাহিদাপত্রের বিপরীতে ক্রয়/সংগ্রহ প্রক্রিয়া করে নির্ধারিত অর্থবছেরের মধ্যে চুক্তি সম্পাদন করার স্বার্থে প্রত্যেক অর্থ বছরের শুরুতে (১ম কোয়ার্টারের মধ্যে) বাজেট বরাদ্দ নিশ্চিত হয়ে বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরিত বিশেষ চাহিদাপত্র আরপিও ২৪৭-সি অনুযায়ী সংশ্লিষ্ট ক্রয়কারীর দপ্তরে দাখিল করতে হবে;

(৪) বিশেষ চাহিদাপত্রের বিপরীতে ক্রয়/সংগ্রহ কার্যক্রম সংশ্লিষ্ট অর্থবছেরে সম্পন্ন করা সম্ভব না হলে পরবর্তী অর্থবছরে ক্রয়/সংগ্রহ প্রক্রিয়া শুরু করার প্রাক্কালে সংশ্লিষ্ট ডিডিও/ চাহিদাপত্র প্রেরণকারীর সাথে যোগাযোগ করে বর্তমান প্রয়োজনীয়তা নিশ্চিত হতে হবে; এবং

(৫) লোকোমোটিভের খুচরা যন্ত্রাংশের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরিত চাহিদাপত্র ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) এর মাধ্যমে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক বরাবর এবং অন্যান্য ক্ষেত্রে আরপিও ২৪৭-সি অনুযায়ী সংশ্লিষ্ট ক্রয়কারীর দপ্তরে সরাসরি প্রেরণ করতে হবে;

৩০/৪/২০২৪

(অসীম কুমার তালুকদার)
জেনারেল ম্যানেজার (পশ্চিম)
বাংলাদেশ রেলওয়ে,
রাজশাহী

নং ৫৪.০১.৮১০০০.১৬৩.০৭.০০১.২৩ তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১ / ৩০ এপ্রিল ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সদয় অবগতি ও অধীন দপ্তরসমূহকে অবহিতকরণ ও পরিপালন নিশ্চিতকরণের ব্যবস্থাগ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
২। প্রধান যান্ত্রিক প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
৩। প্রধান প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
৪। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
৫। প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
৬। প্রধান পরিচালন তত্ত্বাবধায়ক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
৭। প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
৮। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
৯। প্রধান কমান্ডেন্ট (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
১০। প্রধান সংস্থাপন কর্মকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
১১। বিভাগীয় তত্ত্বাবধায়ক (কারখানা), বাংলাদেশ রেলওয়ে, সৈয়দপুর।
১২। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে, পাকশী/লালমনিরহাট।

৩০/৪/২৪

(প্রকৌ. এস, এম, রাশেদ হবনে আকিবর)
সরঞ্জাম নিয়ন্ত্রক (পশ্চিম),
বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।

নং ৫৪.০১.৮১০০০.১৬৩.০৭.০০১.২৩

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১
৩০ এপ্রিল ২০২৪

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক/অবকাঠামো/অপারেশন/উন্নয়ন/অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৩। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে,পাহাড়তলী, চট্টগ্রাম।

৪। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৫। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম) , বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৬। পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল/সংগ্রহ), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ঢাকা।

৩০/৪/২৪

(প্রকৌ. এস, এম, রাশেদ ইবনে আকবর)
সরঞ্জাম নিয়ন্ত্রক (পশ্চিম),
বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।